“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষসমতা”

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়
দূর্গাপুর, রাজশাহী।
website.dwa.durgapur. rajshahi.gov.bd

বিষয়: ইত:পূর্বে উদ্ভাবিত/সহজিকৃত /ডিজিটাইজকৃত সেবা সমূহের এপ্রিল /২০২৪ হতে জুন/২০২৪ মাসের ত্রৈমাসিক প্রতিবেদন ছক ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলাধীন দূর্গাপুর উপজেলায় যে সকল উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সেবা সহজীকরণ ও সেবা ডিজিটাইজ করা হয়েছে (ডাটাবেইজ অনুসারে) তা চালু আছে তার প্রতিবেদন নিম্নোক্ত "ছক" মোতাবেক তৈরীপূর্বক আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃনং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজ কৃত সেবা / আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়া টি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১ সদর কার্যালয় হতে সিরিয়াল ১ | সুরক্ষিত বয়:সন্ধিকাল ২০২১-২২ | সুরক্ষিত বয়:সন্ধিকাল ইনোভেশন আইডিয়ার মাধ্যমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেন্ডার প্রোমোটাররা কিশোর-কিশোরী ক্লাবের সদস্যদের বাল্যবিবাহের কুফল ও ভার্চুয়াল জগতের নেতিবাচক দিক গুলো সম্পর্কে সচেতন করে তুলবে। এছাড়া সচেতনতামূলক ভিডিও, গান, সিনেমা প্রদর্শনের মাধ্যমে শিষ্টাচার, নৈতিকতা, মূল্যবোধ জাগ্রত করে প্রতিটি কিশোর-কিশোরীকে Change agent হিসেবে গড়ে তুলবে। একইভাবে এসব কিশোর-কিশোরীরা অন্যকে ও ভিকটিম হতে দেখলে সাহায্য করার জন্য এগিয়ে আসবে। কিশোর- কিশোরী ক্লাবের সদস্যরা তার বিদ্যালয় কিংবা এলাকার কোন শিশুকে বাল্যবিবাহ কিংবা পারিবারিক সহিংসতার শিকার হতে দেখলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা হেল্প লাইন নম্বর- ১০৯ এ ফোন করে জানাবে।। | আছে | পাচ্ছে | www.dwa. durgapur. rajshahi.gov. bd | চলমান। |
| ২ সদর কার্যালয় হতে সিরিয়াল ৮ | বাল্যবিবাহ নিরোধ ঘন্টা ২০১৯-২০ | ডিজিটাল সিস্টেমের আওতায় বিল্যবিবাহ প্রতিরোধ। “বাল্যবিবাহ নিরোধ ঘন্টা” উদ্ভাবনী উদ্যোগের আওতায় সমগ্র বাংলাদেশের প্রতিটি স্কুলের সমাবেশে শপথ আকারে একটি ইউনিক শ্লোগান “আগে শিক্ষা পরে বিয়ে, আঠার/একুশ পার হয়ে” পাঠ করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | আছে | পাচ্ছে | www.dwa. durgapur. rajshahi..bd. bd | চলমান। |
| ৩ সদর কার্যালয় হতে সিরিয়া৯ | ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয় জমা সহজিকরণ ২০১৯-২০ | উপকারভোগীদের দল গঠন করে দলনেতার মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়নের নিকটবর্তী ব্যাংক/এজেন্ট ব্যাংকে স্ব স্ব হিসাব খোলা এবং নির্ধারিত তারিখে সঞ্চয় জমা পূর্বক খাদ্য (চাল) গ্রহণ। | আছে | পাচ্ছে | www.dwa. durgapur. rajshahi.gov. bd | চলমান। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪<br>সদর কার্যালয় হতে সিরিয়াল ১০ | মহিলা বিষয়ক অধিদপ্তরের উপজেলা পর্যায়ের প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্য বাজার জাত সহজিকরণ<br>২০১৯-২০ | উপজেলা পর্যায়ের প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্য বাজারজাত সহজিকরণ ”উদ্ভাবনটি বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের উৎপাদিতপণ্যের গুনগত মান বজায় রেখে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিয়ন্ত্রণে “বহ্নি” নামে শপিং অ্যাপস চালু করে পন্যের বাজার জাত করণের মাধ্যমে তৃণমূল পর্যায়ে নারীদেরকে উদ্যোক্তা হিসাবে প্রতিষ্ঠিত করা। | মোবাইল এ্যাপ্স চালনায় দক্ষতা না থাকায় | না | - | - |
| ৫<br>সদর কার্যালয় হতে সিরিয়াল ১১ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নারীদের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও স্বাবলম্বী হতে সাহায্য করা।<br>২০১৭-১৮ | দরিদ্রতা, শিক্ষার অভাব, সামাজিক অসচেতনতা, তথ্যের অপ্রতুলতা, কর্মসংস্থানের সুযোগ না থাকার ফলে ক্ষুদ্র-নৃগোষ্ঠী নারীরা পারিবারিক ও সামাজিক ভাবে বৈষম্যের স্বীকার হয়। যার ফলে এক দিকে যেমন সামাকিক নিরাপত্তার অভাব ঘটে, পারিবারিক নিযৃাতনের স্বীকার হয় সেই সাথে যৌতুকসহ বাল্যবিবাহ বিচ্ছেদের প্রবণতা বৃদ্ধি পায়। এই উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাদ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নারীদের (১৮-৫০) বছর ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান,খাদ্য প্রদান করা হবে। ফলে সক্ষমতা বৃদ্ধি সহ অর্থনৈতিক ভাবে সাবলম্বী হবে সেই সাথে সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং বাল্যবিবাহ, যৌতুক, পারিবারিক নির্যাতন সহ বিবাহ বিচ্ছেদের হার হ্রাস পাবে। | আছে | পাচ্ছে | www.dwa.durgapur.rajshahi.gov.bd | - |
| ৬<br>সদর কার্যালয় হতে সিরিয়াল ২০ | নারী পুরুষের সমন্বয়ে উঠান বৈঠক এর মাধ্যমে সামাজিক দৃষ্টি ভঙ্গির পরিবর্তন।<br>২০১৭-১৮ | এই উদ্যোগের মাধ্যমে পুরুষদেরকে উঠান বৈঠকের আওতায় আনা, পুরুষদের সুবিধাজনক সময়ে উঠান বৈঠকের আয়োজন করা নারীর মৌলিক অধিকারের উপর গুরুত্ব আরোপ করা, সচেতনতা সৃষ্টি ও সামাজিক দৃষ্টি ভঙ্গির পরিবর্তনে সহযোগিতা করা। নারী –পুরুষকে এক অন্যের পরিপূরক হিসেবে সহযোগিতা প্রদান। সর্বোপরি নারীর ক্ষমতায়নে ও সিদ্ধান্তে সহযোগিতা করা। | আছে | পাচ্ছে | www.dwa.durgapur.rajshahi.gov.bd | চলমান |
| ৭<br>সদর কার্যালয় হতে সিরিয়াল ২১ | ৫১-৬১বছর বয়সী দু:স্থ ও অবহেলিত গ্রামীণ নারীদের সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ।<br>২০১৭-১৮ | শিক্ষার অভাব,অসচেতনতা, অজ্ঞতা, দরিদ্রতা দুর্বল পারিবারিক বন্ধন এবং একক পরিবার গঠনের প্রবণতা বৃদ্ধি পাওয়ার কারণে ৫১-৬১বছর বয়সী দু:স্থ ও অবহেলিত গ্রামীণ নারীদের সামাজিক নিরাপত্তা বেষ্টণীর আওতাভুক্ত না হওয়ায় অবহেলিত অস্বাস্থ্যকর জীবন যাপন করে। আশ্রয়হীন হয়ে পড়ে এবং বিষন্নতায় ভোগে। এক সময় নিজেকে সমাজের বোঝা মনে করে ভিক্ষা বৃত্তিতে জড়িয়ে পড়ে। এ প্রেক্ষিতে উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে ইত: মধ্যে যারা বিভিন্ন বিষয়ে দক্ষ কিন্তু কাজের সুযোগ পাচ্ছেন না তাদেরকে দক্ষতা অনুযায়ী আর্থিক ও অন্যান্য সুবিধা দেওয়া হবে, বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হবে। | আছে | পাচ্ছে | www.dwa.durgapur.rajshahi.gov.bd | চলমান। |

২৫.০৬.২৪

উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
রাজশাহী।

(ফাতেমা খাতুন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
দুর্গাপুর, রাজশাহী।
email: uwaodurgapurraj@gmail.com

২৫/০৬/২৪